



করব
বাঁধন

নায়ক ওয়ান' বুয়ারিতে আরও

নয় করার প্রস্তাব
নয় করতে চাই। তবে
মুশফিকুর রহমান
বতে অভিনয় করেছি।

কি?
থাকে। আমার প্রথম
নেক ভালো ভালো
তবে কথাবার্তা চূড়ান্ত

ছন?
থ্যাঞ্জুয়েশন শেষ
নের চেষ্টা করব।
টিটকের পাশাপাশি
আ আছে।

সংবাদ

৫টা ২০ মিনিটে
বাদ, যা প্রচার হচ্ছে
উন্নয়ন ও গণমাধ্যম
য়ালেঞ্জিং হয়ে উঠছে
র্তন আগামী দিনে
বিস্তৃতিতে সরকার,
ী-পেশার মানুষের
গ দেয়ার তাগিদ
হিক কৃষি সংবাদের
মাধ্যমের আরও

ইমনের শেষ ভরসা!

বিনোদন রিপোর্ট

বাংলালিঙ্গক খ্যাত মডেল ও হালের ব্যস্ত চলচ্চিত্র নায়ক ইমনের শেষ ভরসা হিসেবে মুক্তি পাচ্ছে ৫ টাকার প্রেম ছবিটি। সিনেমা বোন্ধাদের মতে, এ ছবির ব্যবসায়িক সাফল্যের ওপরই ইমনের চলচ্চিত্র ক্যারিয়ার নির্ভর করছে। কেননা এর আগে ইমন অভিনীত যতগুলো ছবি

মুক্তি পেয়েছে তার কোনোটিই সেভাবে সফলতা পায়নি। সর্বশেষ তার অভিনীত বহুল আলোচিত ছবি পিরিতির আগুন জ্বলে দ্বিগুণ ছবিটি মুক্তি পায়। ধারণা করা হয়েছিল, এ ছবির ব্যাপক সাফল্য ইমনের ক্যারিয়ারের টার্নিং পয়েন্ট হিসেবে কাজ করবে। কিন্তু ছবিটি বড় মাপের সফলতা না পাওয়ায় হতাশ হয়েছেন অনেকেই। এখন ইমনের শেষ ভরসা হিসেবে মুক্তি পাচ্ছে শাহীন সুমন পরিচালিত ৫ টাকার প্রেম ছবিটি। এ ছবিটি যদি ব্যবসায়িকভাবে সফলতা অর্জন করতে পারে তাহলে ইমনকে নিয়ে নতুন করে সিনেমা প্রযোজকরা ভাববেন বলে ধারণা করা হচ্ছে। অন্যথায় ইমনের চলচ্চিত্র ক্যারিয়ারে বড় ধরনের ধাক্কা আসতে পারে বলে অনেকে মন্তব্য করেছেন। জননী কথাচিত্রের পরিবেশনায় ৫ টাকার প্রেম ছবিটি প্রযোজনা করেছেন সাজ্জাদ হোসেন। ছবিতে ইমনের নায়িকা রেসী। ছবির আরেক জুটি হিসেবে রয়েছেন কাজী মারুফ ও সাহারা। এছাড়াও ছবির গুরুত্বপূর্ণ চরিত্রগুলোতে অভিনয় করেছেন—নায়করাজ রাজ্জাক, দিঘী ও মিশা সওদাগর।

চাটমোহরে
নাট্য প্রদর্শনী

শাহীনুর রহমান শাহীন চাটমোহরে

পাবনার চাটমোহর উপজেলা সদরের নতুন বাজারে শুকুবার সৃজনশীল নাট্য সংগঠন সমন্বয় থিয়েটারের উদ্যোগে নাট্য প্রদর্শনীর আয়োজন করা হয়। এদিন সন্ধ্যায় নতুন হাট চত্বরে প্রদর্শনীর শুরুর সঙ্গীত পরিবেশন করেন মাসুদ রানা। পরে আসাদুজ্জামান দুলাল রচিত ও নির্দেশিত নাটক 'বাখান' পরিবেশন করে সমন্বয় থিয়েটার। নাটকে অভিনয় করেন সুজিত মনা, ফকির জহুরুল, জয়নাল আবেদীন, ইসমাইল হোসেন, টগর প্রমুখ।

আহমাদ বাসির

কণ্ঠশিল্পী অমিয়া মতিন। প্রবাসে থেকেও চালিয়ে যাচ্ছেন নিয়মিত কণ্ঠ সাধনা। ছোটবেলা থেকে মূলত নজরুল সঙ্গীতের সাধনা করে আসছেন তিনি। নজরুল পরিঃদ (ঢাকা) সঙ্গীত শিক্ষালয় ও সঙ্গীত ভবনের ছাত্রী ছিলেন অমিয়া। ওস্তাদ হিসেবে পেয়েছেন এয়াকুব আলী খান, সুমন চৌধুরী ও ফাতেমা তুজ জোহরাকে। ১৯৮৮ সাল থেকে তিনি প্রবাসী। প্রথমে আমেরিকা, পরে নরওয়ে এবং বর্তমানে অস্ট্রেলিয়ার সিডনিতে বসবাস করছেন শিল্পী। তিনি নতুন অ্যালবামের কাজ নিয়ে সং্রতি দেশে এসেছেন তিনি। কথা হলো তার সঙ্গে। জানা গেল প্রবাসে থেকেও সঙ্গীত সাধনায় খুব একটা সমস্যা হচ্ছে না তার। শতভাগ আন্তরিকতা দিয়েই তিনি সঙ্গীত সাধনা করে যাচ্ছেন। প্রবাসে বিভিন্ন সংগঠনের সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণ করেন, নেতৃত্বও দেন। তাছাড়া দেশের সঙ্গীত জগতের সঙ্গে যোগাযোগ রাখতেও সমস্যা হয় না তার। ইন্টারনেট, স্যাটেলাইটের কল্যাণে এটা এখন খুবই সহজ। অমিয়া বলেন, দেশে প্রকাশিত গানের সিডি, ভিসিডিও দ্রুত পৌঁছে যায় সেখানে। ফলে সহজেই সঙ্গীত জগতের খোঁজ-খবর পাওয়া যায়।

প্রবাসী
শিল্পী
অমিয়া
মতিন



ভাবনা ছিল'। গত বুধবার অমিয়ার নতুন অ্যালবামগুলোর একটির মোড়ক উন্মোচন হয় বেঙ্গল ফাউন্ডেশন মিলনায়তনে। আগামী ৪ জানুয়ারি অন্য দুটি অ্যালবামের মোড়ক উন্মোচন শেষে তিনি ফিরে যাবেন অস্ট্রেলিয়ায়। অমিয়া তার তিনটি নতুন অ্যালবাম নিয়ে আশাবাদী। তিনি বলেন, আমি গানগুলো গেয়ে বেশ তৃপ্ত। আশা করি গানগুলো শ্রোতাদেরও তৃপ্ত করবে।



সেলিনার ইচ্ছা

বলিউড অভিনেত্রী সেলিনা জেটলি এরই মধ্যে তেলেগু এবং খাভালা ভাষার ছবিতে অভিনয় করেছেন। এবার তিনি বাংলা ছবিতে অভিনয় করতে চান। ছবির নির্মাতা হিসেবে তার পছন্দের তালিকায় রয়েছেন ঋতুপর্ণ ঘোষ। এ প্রসঙ্গে সেলিনা বলেন, আমি অনেক লম্বা সময় পশ্চিমবঙ্গে ছিলাম। সেখানে থাকাকালীন আমি সেখানকার পরিবেশ, ভাষা এবং সংস্কৃতি অনেক কাছ থেকে দেখেছি। এ কারণেই আমি বাংলা ছবিতে কাজ করতে উৎসাহী হয়েছি। কেননা ওখানকার নির্মাতারা অনেক মজার এবং আবেগপ্রধান ছবি নির্মাণ করেন, যা আমাকে খুব বেশি আকৃষ্ট করেছে। আমি ঋতুপর্ণ ঘোষের সঙ্গে কাজ করতে আগ্রহী। ঋতু দার সঙ্গে কাজ করাটাই আগামী বছরে আমার লক্ষ্য। ইংরেজি ছবি লাভ হ্যাজ নো ল্যান্সুয়েজ ছবিতে অভিনয় করে সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন সেলিনা। ৩৩তম কায়রো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে তিনি ই সম্মাননা পান। এ কারণেই এখন তিনি একটু বেছে বেছে কাজ করছেন। আর প্রতীক্ষিত ছবি অ্যাকসিডেন্ট অন হিল রোড, রান ভোলা রান এবং চায়ে গরম



ফিল্ম ক্লাবের
নির্বাচন সম্পন্ন

কেএমআর মঞ্জুর প্যানেল জয়ী

বিনোদন রিপোর্ট

সিনেমা শিল্প সংশ্লিষ্ট অরাজনৈতিক সংগঠন বাংলাদেশ ফিল্ম ক্লাব লিমিটেডের বার্ষিক নির্বাচনে কেএমআর মঞ্জুরের নেতৃত্বাধীন প্যানেল জয়লাভ করেছে। গত বুধবার এফডিসির প্রযোজক-পরিবেশক সমিতির রিটার্নিং ব্লমে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে দুটি প্যানেল অংশগ্রহণ করে। কেএমআর মঞ্জুর প্যানেল ও ওস্তাদ জাহাঙ্গীর আলম প্যানেল। নির্বাচনে ওস্তাদ জাহাঙ্গীর আলমের প্যানেল থেকে একমাত্র এজে রানা নির্বাহী সদস্য পদে নির্বাচিত হয়েছেন। বাকি সবাই নির্বাচিত হয়েছেন কেএমআর মঞ্জুরের প্যানেল থেকে। তবে সভাপতি পদে কেএমআর মঞ্জুর ও ওস্তাদ জাহাঙ্গীর আলমের মধ্যে হাডডাহাড লড়াই হয়েছে। কেএমআর মঞ্জুর পেয়েছেন ১৮১